অস্থায়ী টেলিফোনে সাক্ষাৎকার পরিচালনার স্ক্রিপ্ট

EORTC IL46

QLQ-C30-র একটি মডিউল

সংস্করণ 1.1

সাক্ষাৎকার গ্রহণের তারিখ: _____ / _____ / _____
দিন *মাস* *বছর*

সাক্ষাৎকার গ্রহণকারীর নাম: _____ , _____
শেষাংশ *প্রথমাংশ*

রোগীর আইডি: _____

পটভূমি ও উদ্দেশ্য

EORTC IL46 হলো একটি 1-আইটেম তালিকা যাতে ক্যানসার রোগীদের মধ্যে জীবনের গুণগত মান মূল্যায়ন করা যায়। EORTC IL46 একটি কাগজের সংস্করণের মাধ্যমে পরিচালনা করার জন্য তৈরি করা হয়েছিল যা রোগী সরাসরি পূরণ করেন। এই ডকুমেন্টের উদ্দেশ্য হলো ফোনের মাধ্যমে EORTC IL46 পরিচালনার জন্য স্ক্রিপ্ট প্রদান করা।

পদ্ধতি

সাক্ষাৎকার গ্রহণকারীর জন্য নির্দেশনা

- স্ক্রিপ্টে যেভাবে লেখা আছে হুবহু সেভাবে অনুসরণ করুন। সমস্ত শব্দ অবশ্যই পড়তে হবে।
- সাক্ষাৎকার গ্রহণকারীর জন্য নোটগুলি *বাঁকা* হরফে লেখা হয়েছে এবং সেগুলি রোগীকে পড়ে শোনানো যাবে না।
- পরিচালনার সময় ঘটার সম্ভাবনা রয়েছে এমন ক্ষেত্রে ব্যবহারের জন্য নির্দেশনাগুলো বক্সের মধ্যে দেয়া হয়েছে।
- প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আপনি অবশ্যই রোগীকে সাহায্য করবেন না; এমনকি যদি তিনি প্রশ্নগুলি বুঝতে না পারেন তাহলেও।
- অনুগ্রহ করে তাদেরকে উত্তর দেওয়ার জন্য যথেষ্ট সময় দিন।
- রোগী যতবার অনুরোধ করবেন আপনি ততবার তাকে প্রশ্নগুলি পড়ে শোনাতে পারেন।
- অনুগ্রহ করে রোগীর বেছে নেয়া উত্তরটি নির্বাচন করুন।

স্বত্ব

EORTC IL46-এর স্বত্বাধিকারী হলো EORTC (© স্বত্ব 2019 EORTC Quality of Life Group। সকল স্বত্ব সংরক্ষিত) । EORTC-এর লাইসেন্সের অধীনে EORTC IL46 প্রদান করা হয়েছে এবং EORTC (EORTC Quality of Life Department, Ave. E. Mounier 83, B.11, 1200 Brussels, BELGIUM, ফোন: +32 (0)2 774 1678) এর অগ্রিম লিখিত অনুমতি ছাড়া এটি কপি, বিতরণ বা কোনোভাবে ব্যবহার করা যাবে না।

EORTC IL46 টেলিফোন স্ক্রিপ্ট

EORTC IL46

রোগীরা কখনও কখনও রিপোর্ট করেন যে তাঁদের নিম্নলিখিত উপসর্গ এবং সমস্যাগুলি রয়েছে।

গত সপ্তাহে আপনি এই উপসর্গ বা সমস্যাগুলিতে কতটা ভুগেছেন অনুগ্রহ করে তা নির্দেশ করুন।

এই সংখ্যাগুলির মধ্যে যেটি আপনার ওপর সবচেয়ে বেশি প্রযোজ্য সেটির ওপর গোল দাগ দিয়ে প্রশ্নগুলির উত্তর দিন।

এই প্রশ্নমালায়, 1টি প্রশ্ন রয়েছে যা আপনাকে **গত এক সপ্তাহের মধ্যে** আপনার উপসর্গ এবং সমস্যাগুলির সম্পর্কে জিজ্ঞেস করবে। প্রশ্নটির উত্তরের বিকল্পগুলি হলো 'একেবারেই না', 'অল্প বিস্তর', 'অনেকটাই', এবং 'অত্যন্ত বেশী ভাবে'।

অনুগ্রহ করে সেই উত্তরটি নির্দেশ করুন যেটি প্রশ্নটির জন্য আপনাকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে:

1. গত সপ্তাহে চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়ায় আপনি কতটুকু কষ্ট পেয়েছেন ?
    1. একেবারেই না
    2. অল্প বিস্তর
    3. অনেকটাই
    4. অত্যন্ত বেশী ভাবে

[***উত্তরগুলি রেকর্ড করুন, লক্ষ করুন যে আপনার রোগীদেরকে মনে করিয়ে দেওয়ার প্রয়োজন হতে পারে যে প্রশ্নের উত্তরগুলি অবশ্যই গত সপ্তাহের জন্য হতে হবে। যদি রোগী দুইটি উত্তরের বিকল্প থেকে একটি উত্তর বেছে নিতে না পারেন, তাহলে শুধু বেশি স্কোরবিশিষ্ট উত্তরটি চিহ্নিত করুন]***

যদি রোগী যথাযথ পরিমাণ সময়ের মধ্যে সাড়া দিতে ব্যর্থ হন অথবা বলেন যে তিনি প্রশ্নটি বুঝতে পারছেন না, তাহলে পড়ুন:
আমি কি প্রশ্নটি আপনাকে আবার পড়ে শোনাবো? *[প্রয়োজন অনুযায়ী পুনরাবৃত্তি করুন]*

যদি রোগী একাধিক উত্তর দেয়ার চেষ্টা করেন, তাহলে পড়ুন:
অনুগ্রহ করে এগুলো থেকে একটি বিকল্প বেছে নিন *[উত্তরের বিকল্পগুলি আবার পড়ুন]*

যদি রোগী প্রশ্নটি এড়িয়ে যেতে বলেন, তাহলে পরবর্তী আইটেমে চলে যান। [শুধুমাত্র রোগী অনুরোধ করলে - রোগী প্রশ্নটি এড়াতে চান কিনা তা জিজ্ঞেস করবেন না]

যদি রোগী কোনো প্রশ্ন এড়িয়ে গিয়ে থাকেন, তাহলে প্রশ্নটি এখানে রেকর্ড করুন এবং সাক্ষাৎকারের শেষে সেটিতে ফিরে আসুন। যদি রোগী কোনো প্রশ্নের উত্তর দিতে না চাওয়ার কারণে প্রশ্নটি এড়িয়ে গিয়ে থাকেন, তাহলে সেই প্রশ্নটি এবং আরো বিস্তারিত যেকোনো বিবরণ বা ব্যাখ্যা লিখে রাখুন।

.....

.....

যদি রোগী প্রশ্নটির উত্তর না দেন:

- আমি আপনার উত্তর রেকর্ড করিনি। আপনি কি চান যে আমি এটি আপনাকে আবার পড়ে শোনাই?
  - ➔ *যদি **হ্যাঁ** বলেন: অনুগ্রহ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলিতে ফিরে যান এবং সেটি আবার জিজ্ঞাসা করুন।*
  - ➔ *যদি **না** বলেন: এগিয়ে যান ও সাক্ষাৎকার শেষ করুন।*